ايضاح الدلالات

بردّ

فتاوى مناجات بعد المكتوبات

মুনাজাতের দলিল

(মুফতি ফয়জুল্লাহ্ রচিত "ফতোয়ায়ে মুনাজাত বা'দাল মাক্তুবাত" নামক পুস্তিকায় গোমরাহী আক্বিদাকে খন্ডন করে ইমাম শেরে বাংলা (রাহঃ)'র মুনাজাত সম্পর্কিত অনন্য ফতোয়ার কিতাব)

pdf By Syed Mostafa Sakib

মূল
ইমামে আহলে সুন্নাত, গাজীয়ে দ্বীনো মিল্লাত
আল্লামা সৈয়দ আজিজুল হক শেরে বাংলা (রহঃ)
অনুবাদ
মাওলানা সৈয়দ হাসান মুরাদ কাদেরী

pdf By Syed Mostafa Sakib

ইযাহুদ দালালাত বা মুনাজাতের দলিল

মূলঃ ইমাম আল্লামা গাজী সৈয়দ আজিজুল হক শেরে বাংলা (রহঃ)
ভাষান্তর ঃ সৈয়দ হাসান মুরাদ কাদেরী

কৃতজ্ঞতায়-

শাহজাদা সৈয়্যদ আমিনুল হক আলকাদেরী (বড়মিয়া)
হাটহাজারী দরবার শরীফ।

মাওলানা মুহাম্মদ ইসমাইল
অধ্যক্ষ আলামিন বারিয়া সিনিয়র মাদ্রাসা।

মাওলানা সৈয়্যদ রফিক উদ্দীন ফারুকী
প্রভাষক, কদলপুর হামিদিয়া সিনিয়র মাদ্রাসা।

মাওলানা আবুল হাসান মুহাম্মদ ওমাইর রজভী
প্রভাষক, কাটিরহাট এম.আই. নিনিয়র মাদ্রাসা

অনুপ্রেরণায়-

শাহজাদা সৈয়্যদ আবু নওশাদ নঈমী
মাওলানা শিহাব উদ্দীন মুহাম্মদ মছরুপ

প্রকাশনায়-

জাগরণ প্রকাশনী
১৫৫, আনজুমান মার্কেট, আন্দরকিল্লা, চট্টগ্রাম, ০১৮১৯-৮৬৩৫৭৬
স্বত্ব ঃ হাটহাজারী দরবার শরীফ

প্রকাশকাল-

৩০ অক্টোবর ২০০৯, শুক্রবার
সৈয়্যদ আহমদ শাহ সিরিকোটি (রহঃ) এর ওরশ শরীফ
২য় প্রকাশ ১২ মে ২০১৪, সোমবার
ইমাম শেরে বাংলা (রহঃ)'র ওরশ শরিফ

হাদিয়া ঃ ২০/- (বিশ টাকা) মাত্র

মুনাজাতের দলিল---

বিছমিল্লাহির রাহমানির রাহীম

অভিমত

আশেকে রাসুল (দঃ), মোজাদ্দেদে দ্বীনো মিল্লাত, ইমামে আহলে সুন্নাত আল্লামা গাজী সৈয়দ আজিজুল হক শেরে বাংলা (রহঃ) ছিলেন পাক-ভারত উপমহাদেশ তথা সারাবিশ্বের সুন্নী মুসলমানদের জন্য অনুকরণীয় আদর্শ।

তিনি একদিকে যেমনি ইসলামের মূলধারা সুন্নীয়তের সুদৃঢ় প্রচারক ছিলেন অন্যদিকে সুন্নীয়ত বিরোধী সমস্ত বাতিল মতবাদের বিরুদ্ধে ও তিনি আপোষহীন ছিলেন। তিনি দেওবন্দী-ওহাবীদের সমস্ত বাতিল আক্বিদার খন্ডন করে ইসলামের মূল বক্তব্যকে মুসলিম মিল্লাতের নিকট পৌঁছে দিয়েছেন। বিশেষ করে দেশের আনাচে-কানাচে বিভিন্ন মোনাজেরায় তাঁর তথ্য-যুক্তি ও দলিল নির্ভর বক্তব্য, ক্ষুরধার লেখনী, দিওয়ানে আজিজ রচনা, খন্দকিয়ার ময়দানে ওহাবীদের পৈশাচিক হামলার পরও এশকে মোস্তফার প্রেমে বিভোর থাকার ঘটনা, হাত তুলে মুনাজাতের বৈধতার উপর পুস্তক রচনা ও মুফতী ফয়জুল্লার অপব্যাখ্যার সমুচিত জবাব প্রদান ইত্যাদি কারণে তিনি আজো সুন্নী মুসলমানদের হৃদয়ে উজ্জ্বল নক্ষত্র রূপে অধিষ্ঠিত হয়ে আছেন। ইমাম শেরে বাংলা-র লেখনী গুলো সুন্নী মুসলমানদের হাতে হাতে পৌছে দেয়া সময়ের দাবী। এরই অংশ হিসেবে আমার পরম স্নেহধন্য সৈয়দ মুহাম্মদ হাসান মুরাদ কাদেরী অনুদিত কিতাবটি জাগরণ প্রকাশনী চট্টগ্রামের পরিচালক স্নেহের সৈয়দ মুহাম্মদ আবু আজম প্রকাশ করার উদ্যোগ নিয়েছে শুনে আনন্দিত হয়েছি। আমি সুন্নীয়তের বৃহত্তর স্বার্থে এই প্রকাশনা কার্যক্রম সম্পন্ন করার সদয় সম্মতি জ্ঞাপন করছি এবং প্রকাশনার উত্তরোত্তর সফলতার জন্য দোয়া করছি।

সৈয়দ মোহাম্মদ আমীনুল হক আলকাদেরী (বড়মিয়া)
হাটহাজারী দরবার শরীফ, হাটহাজারী, চট্টগ্রাম।

pdf By Syed Mostafa Sakib

অনুবাদকের কথা

নাহমুদুহু ওয়া নুসাল্লি ওয়ানু সাল্লিমু আলা রাসুলিহিল কারিম। আম্মাবাদ!
মহান আল্লাহ পাকের অশেষ অনুগ্রহ প্রিয়নবী (দঃ) এর কৃপাদৃষ্টি এবং আউলিয়া কেরাম এর মেহেরবাণীকে পুঁজি করে জীবনের প্রথম অনুবাদ কাজে হাত দিতে পেরে নিজেকে ধন্য মনে করছি। সুন্নীয়তের প্রকাশনা কে সমৃদ্ধ করার কাজে নিজেকে জড়ানো একটা পূণ্যময় স্বপ্ন সুদীর্ঘ দিন ধরে হৃদ মন্দিরে লালন করে আসছি। কিন্তু স্বীয় জ্ঞান ও অভিজ্ঞতার অপ্রতুলতার কারণে এ পূণ্যময় স্বপ্ন বাস্তবে রূপ দেওয়ার সাহস পাচ্ছিলাম না। অবশেষে সুন্নীয়তের নন্দিত লেখক সৈয়দ মুহাম্মদ আবু আজম ভাইয়ের অনুপ্রেরণা ও কতিপয় শুভাকাঙ্খিদের অনুরোধে নামাজান্তে মুনাজাত নামে এমন একটি পুস্তিকা ভাষান্তরের সুযোগ আল্লাহ দিয়েছেন যেটি সুন্নী মুসলমানদের ইমাম, বাংলার খাজা বিংশ শতাব্দীর অদ্বিতীয় আশেকে রাসুল আল্লামা আজিজুল হক শেরে বাংলা (রঃ) কর্তৃক সংকলিত একটি রিসালা। রিসালাটি ফার্সী ভাষায় রচিত, পরবর্তীতে এটি উর্দূতেও ভাষান্তর করা হয়েছে।

উল্লেখ্য এদেশের কিছু মুসলমান ফরজ নামাজের পরে মুনাজাত করাকে বিদ'আত মনে করে। এতদ্বিষয়ের পক্ষে হাটহাজারী মাদ্রাসার সাবেক মুফতি ফয়জুল্লাহ কর্তক প্রদত্ত "ফতোয়া মুনাজাত বাদাল মাকতুবাত" নামক একটি পুস্তিকার খন্ডনে এই পুস্তিকাটি রচিত হয়েছে।

যেহেতু আমাদের বর্তমান সময়েও কতিপয় মানুষ ফরজ নামাজের পরে মুনাজাত করা নিয়ে বিতর্ক সৃষ্টি করে, তাই আমি মনে করছি, এই পুস্তিকাটি সুন্নী মুসলমানদের জন্য অতীব প্রয়োজনীয় সঞ্চয়ন হিসেবে কাজ করবে।

এই অনুবাদ কাজে আমার পরম শিক্ষাগুরু আলআমিন বারিয়া সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ বিশিষ্ট লেখক মাওলানা ইসমাইল সাহেব সহযোগিতার হাত বাড়িয়ে আমাকে ঋণী করেছেন।

পরিশেষে সকলের সহযোগিতা, অনুপ্রেরণা ও অনুরোধ সশ্রদ্ধ চিত্তে স্মরণ করে পাঠক মহলের কাছে এইটুকু অনুরোধ রাখবো, ক্ষমা নয় সংশোধনের জন্য ভূলত্রুটি সম্পর্কে অবহিত করবেন। আল্লাহ সবার সহায় হোন।

সৈয়দ হাসান মুরাদ কাদেরী
অনুবাদক

প্রকাশকের দু'কলম

আশেকে রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম), ঈমামে আহলে সুন্নাত, মোজাদ্দেদে দ্বীন-
মিল্লাত আল্লামা সৈয়দ আজিজুল হক শেরেবাংলা (রহঃ) পাক-ভারত ইতিহাসে এক কিংবদন্তি মহা পুরুষ এর নাম। বৃটিশ শাসন এবং নারী নেতৃত্বের বিরোদ্ধে আপোষহীন এই ব্যক্তিত্ব ইসলামের মূলধারা আহলে সুন্নাত ওয়াল জামাতের আক্বিদা ও আদর্শ প্রচারে ছিলেন সদা সচেতন। সুন্নী মতাদর্শের প্রচার-প্রসারের পাশাপাশি সমস্ত বাতিল মতবাদ খন্ডনে থাকতেন মর্যদা অগ্রাগামী। কুরআন-হাদীসের অকাট্য দলিলাদির মাধ্যমে সমস্ত ভ্রান্ত আকিদার অপনোদনে সম্মুখ মোনাজেরার পাশাপাশি ক্ষুরধার লেখনির মাধ্যমেও সুন্নী জনতাকে চিরঋণি করে রেখেছেন অদ্যাবধি। 'ইযাহুদ দালালাত তথা মুনাজাতের দলিল' নামক ক্ষুদ্র অথচ খুবই গুরুত্বপূর্ণ এই পুস্তিকাটির একটি জীর্ণ-শীর্ণ ফটোকপি আমার হস্তগত হবার সাথে সাথেই তা অনুবাদ করার সিদ্ধান্ত নিই। অনুবাদক হিসেবে নির্বাচনকরি আমার অত্যন্ত প্রিয় ভাজন, সাংস্কৃতিক অনুজ মাওলানা সৈয়দ হাসান মুরাদ কাদেরীকে। যার জ্ঞান ও ভাষাগত অভিজ্ঞতার ব্যাপারে আমার পজেটিভ ধারনা রয়েছে। উনি খুব অল্পসময়ের মধ্যেই অনুবাদের কাজটি সম্পন্ন করে দিয়েছেন। প্রথম প্রকাশনায় মুদ্রণজনিত কিছু ত্রুটি থাকলেও দ্বিতীয় প্রকাশনায় তা নিরসনের জন্য আন্তরিক প্রচেষ্টা চালিয়েছি। ইমাম শেরে বাংলা (রহঃ) এর স্ব-হস্তে লিখিত এই গুরুত্বপূর্ণ পুস্তিকা অনুবাদ ও প্রকাশের সাথে নিজকে সম্পৃক্ত করতে পারায় ধন্য মনে করছি। রাব্বুল আলামিন জাগরন প্রকাশনির এই ক্ষুদ্র প্রয়াসকে কবুল করুন এবং ইমাম শেরে বাংলা (রহঃ) পদাংক অনুসরন করে আল্লাহ ও তাঁর রাসুল (দঃ) এর সন্তুষ্টি অর্জনের তাওফিক দান করুন। আমিন।

সৈয়দ মোহাম্মদ আবু আজম
স্বত্ত্বাধিকারী- জাগরণ প্রকাশনী, চট্টগ্রাম।

pdf By Syed Mostafa Sakib

বিসমিল্লাহির রাহ্মানির রাহিম
নাহ্মুদুহু ওয়ানুসাল্লি আলা রাসুলিহিল কারীম,
আম্মাবাদ

হাটহাজারী মুঈনুল ইসলাম মাদ্‌রাসার সাবেক শিক্ষক মুফতী ফয়জুল্লাহ্ সাহেব কর্তৃক রচিত 'ফতোয়ায়ে মুনাজাত বা'দাল মাকতুবাত' নামক একটি পুস্তিকা সম্প্রতি জনসমাজে প্রকাশিত হয়ে আমি আদমের (শেরে বাংলা) হস্তগত হয়েছে। পুস্তিকাটি অদ্যোপান্ত পাঠ করে বুঝতে পারলাম যে, এটির সারাংশ হলো- ফরজ নামাজের পর দু'হাত তুলে মুনাজাত করা সম্পূর্ণ নাজায়েয এবং প্রিয় নবী (দঃ)'র বিশুদ্ধ হাদীস ও সুন্নাত পরিপন্থী।

তাই, আমি নগন্য (শেরে বাংলা) নবীজির (দঃ) মহান বাণী-

اَلسَاكِتُ عَنِ الْحَقِّ شَيْطَانٌ اَخْرَسٌ

অর্থ: সত্য প্রকাশে নিরবতা পালনকারী বোবা শয়তান; এর উপর বিশ্বাস রেখে উপর্যুক্ত 'ফতোয়া' তথা মুফতী ফয়জুল্লাহর ভ্রান্ত আক্বীদা খন্ডন করতে বদ্ধপরিকর হয়েছি। নিম্নে আমি তার বক্তব্য ও যুক্তিগুলো খন্ডন করার প্রয়াস পাচ্ছি।

তার (মুফতী ফয়জুল্লাহ) বক্তব্য:
বর্তমানে ফরয নামাজের পর মুনাজাত করার যে প্রথা চালু আছে মুস্তফা (দঃ)'র শরীয়তে এটার কোনো ভিত্তি নাই এবং সালফে সালিহিন ও নবীজি (দঃ)'র কোন হাদীস দ্বারাও এটা সাব্যস্ত নয়।

আমার (শেরে বাংলা) বক্তব্যঃ
হযরত আবদুল হাই লাখনুভী মাতুবয়ায়ে দরবারে আহমদিয়া থেকে প্রকাশিত তার কিতাব 'মাজমুয়ায়ে ফতোয়া'র দ্বিতীয় খন্ডের ৪০২ পৃষ্ঠায় ফরজ নামাজের পর মুনাজাত করা প্রসঙ্গে একটি প্রশ্ন ও সেটির যে উত্তর লিপিবদ্ধ করেছেন নিম্নে তা হুবহু সংকলন করছি।

প্রশ্নঃ নামাজ আদায়ের পর হাত তুলে দোয়া করার যে আমলটি আমাদের দেশের ইমামদের মাঝে প্রচলিত আছে, সে সম্পর্কে দ্বীনের বিজ্ঞ ওলামায়েকেরাম ও শরীয়তের মুফতীয়ানে ইজামের মতামত কী এবং মাসয়ালাটি নবীজির (দঃ) ক্বাওলি (উক্তিগত) ও ফে'লি (কর্মগত) হাদীস দ্বারা প্রমাণিত কি না? আমরা জানি, কিছু কিছু ফক্বীহগণ এটাকে মুস্তাহ্সান লিখেছেন এবং সাধারণ মুনাজাতে হাত তোলার ব্যাপারে হাদীসেও বর্ণনা আছে; কিন্তু ফরজ নামাজের পর হাত তুলে মুনাজাত করার প্রসঙ্গে নির্দিষ্ট কোন হাদীস বর্ণিত হয়েছে কিনা সঠিকভাবে বিস্তারিত বর্ণনা দিলে উপকৃত হব।

উত্তরঃ হ্যাঁ অবশ্যই মাসয়ালাটি সম্পর্কে নির্দিষ্ট হাদীস বর্ণিত হয়েছে। যেমন- হাফেজ আবু বকর আহমদ বিন মুহাম্মদ বিন ইসহাক ইবনুস সুন্নী তার 'আমালুল ইয়াওম ওয়াল লাইল' নামক কিতাবে লিখেছেন:

حَدَّثَنِىْ اَحْمَدُ بْنُ الْحَسَنِ حَدَّثَنَا اَبُوْ اِسْحَاق يَعْقُوْبُ بْنُ خَالِد بْنِ يَزِيْدِ الْبَاسِىُ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيْزِ بْنِ عَبْدِ الرَّحْمٰنِ الْقُرَشِىُ عَنْ حُذَيْفٍ عَنْ اَنَسٍ

عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنَّهُ قَالَ مَا مِنْ عَبْدٍ يَبْسُطُ كَفَّيْهِ فِىْ دُبُرِ كُلِّ صَلٰوةٍ ثُمَّ يَقُوْلُ اللّٰهُمَّ اِلٰهِىْ وَاِلٰهَ اِبْرٰهِيْمَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَاِلٰهَ جِبْرَائِيْلَ وَمِيْكَائِيْلَ وَاِسْرَفِيْلَ اَسْئَلُكَ اَنْ تَسْتَجِيْبَ دَعْوَتِىْ فَاِنِّىْ مُضْطَرٌّ وَتَعْصِمَنِىْ فِىْ دِيْنِىْ فَاِنِّىْ مُبْتَلٰى وَتَنَالُنِىْ بِرَحْمَتِكَ فَاِنِّىْ مُذْنِبٌ وَتَنْفِىْ عَنِّىَ الْفَقْرَ فَاِنِّىْ مُتَمَسِّكٌ اِلَّا كَانَ حَقًّا عَلَى اللّٰهِ عَزَّ وَجَلَّ اَنْ لَايَرُدَّ يَدَيْهِ

অর্থ : হাফেয আবু বকর আহমদ বলেন, আমাকে হাদীস বর্ণনা করেছেন আহমদ ইবনুল হাসান, তিনি বলেন, আমাদেরকে আবু ইসহাক ইয়াকুব বিন খালিদ বিন ইয়াজিদ আল বাসী হাদীস বর্ণনা করেছেন, তিনি বলেন, আমাদেরকে আবদুল আজিজ বিন আবদুর রহমান আল কুরশী, তিনি হযুরত হুযাইফ থেকে তিনি হযরত আনাস (রা:) থেকে তিনি প্রিয়নবী (দ:) থেকে হাদীস বর্ণনা করেছেন, প্রিয়নবী (দ:) ইরশাদ করছেন:

যে বান্দাহ প্রত্যেক নামযের পর দু' হাত তুলে বলে, হে আল্লাহ, হে আমার প্রভু ওহে ইবরাহীম, ইসহাক ও ইয়াকুব আলা নাবিয়্যিনা আলাইহিমুস সালামের প্রভূ ওহে জিবরাইল ,মিকাঈল ও ইসরাফিল আলাইহিমুস সালাম'র প্রভূ তোমার কাছে আমার প্রার্থনা যে, আমি সহায়হীন, তুমি আমার দোয়া কবুল কর ; আমি বিপদগস্ত, তুমি আমার দ্বীন রক্ষা কর; আমি পাপী, তোমার করুণা দিয়ে আমায় ঢেকে রাখ; আমি নি:স্ব, আমার দারিদ্র দুর কর, এভাবে দোয়া করে, তবে তার দু' হাত খালি ফেরত না দেওয়াই আল্লাহর সদয় মর্জি হয়ে যায়।

যদি বলা হয় এ হাদীসের বর্ণনাসূত্রে উল্লিখিত "আবদুল আজিজ ইবনে আবদুর রহমান " নামী বর্ণনাকারীর বিরুদ্ধে দূর্বলতার অভিযোগ রয়েছে, তদুত্তরে বলা যায়, মিজানুল ই'তেদাল ও অন্যান্য উসুলের কিতাবে সুস্পষ্ট উল্লেখ রয়েছে যে, মুস্তাহাব বিষয় সাব্যস্ত করতে দুর্বল হাদীসই যথেষ্ট।

এ প্রসঙ্গে ইবনে হুম্মাম তার 'ফাতহুল ক্বাদীর' নামক কিতাবে কিতাবুল জানায়িয অধ্যায়ে লিখেছেন:

وَالْاِ سْتِحْبَابُ يَثْبُتُ بِالضَّعِيْفِ غَيْرِ الْمَوْضُوْعِ اَنْتَهٰى وَاللّٰهُ اَعْلَمُ

অর্থ: দূর্বল হাদীস দ্বারা মুস্তাহাব সাব্যস্ত হয়; বানোয়াট হাদীস দ্বারা নয়।
(সর্বশেষ আল্লাহই অধিক জ্ঞাত)

উল্লিখিত কথাগুলো মহান প্রভুর নিকট ক্ষমাপ্রার্থী বান্দাহ আবুল হাসনাত মুহাম্মদ আবদুল হাই (আল্লাহ তার প্রকাশ্য অপ্রকাশ্য পাপরাশি মার্জনা করুন) কর্তৃক সংকলিত।
হাফেজ আবু বকর ইবনে আবি শায়বা 'আল মুসান্নাফ' নামক কিতাবে আসওয়াদ আমেরী থেকে, তিনি তার পিতা থেকে হাদীস বর্ণনা করেছেন-

pdf By Syed Mostafa Sakib

قَالَ صَلَّيْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلْفَجْرَ فَلَمَّا سَلَّمَ اِنْصَرَ فَ وَرَفَعَ يَدَيْهِ وَدَعَا۔ (الحديث)

অর্থ: তিনি বলেন, একদা আমি প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামার সাথে ফজরের নামায পড়েছি, যখন নবীজি সালাম ফিরালেন তখন মুসল্লিদের দিকে ফিরে বসে দু'হাত তুলে দোয়া করলেন। (আল হাদীস)

সুতরাং, নবীকুল.সরদার, খোদাভীরুদের আদর্শ, আমাদের প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামার পবিত্র আমল থেকে ফরজ নামাযের পর দু'হাত তুলে মুনাজাত করার বিধান সাব্যস্ত হলো, যা বিজ্ঞ ওলামায়ে কেরামের কাছে অস্পষ্ট নয়।

উপর্যুক্ত ফতোয়াটি সৈয়্যদ শরীফ হোসাইন কর্তৃক সংকলিত নিম্নোক্ত ওলামায়ে কেরাম কর্তৃক স্বাক্ষরিত।

যথা: ১. সৈয়্যদ শরীফ হোসাইন।
২. সৈয়দ মুহাম্মদ নযির হোসাইন
৩. হাসবুনা হাফিজুল্লাহ
৪. মুহাম্মদ আবদুর রব
৫. সৈয়্যদ আহমদ হোসাইন

ইমাম তাবরানী হযরত জাফর ইবনে মুহাম্মদ সাদেক (রাঃ) থেকে বর্ণনা করেছেন, তিনি বলেছেন-

اَلدُّعَاءُ بَعْدَ الْمَكْتُوْبَةِ اَفْضَلُ مِنَ الدُّعَاءِ بَعْدَ النَّافِلَةِ كَفَضْلِ الْمَكْتُوْبَةِ عَلَى النَّافِلَةِ (كِتَابُ السعاية)

অর্থ: ফরজ নামাযরে পর মুনাজাত করা নফল নামাজের পর মুনাজাত করার চেয়ে এত উত্তম, নফল আদায়কারী থেকে ফরজ আদায়ীকারী যত উত্তম (সা'য়াহ কিতাবে অনুরূপ বর্ণিত হয়েছে)।

'শরআ'তুল ইসলাম' নামক কিতাবে আছে-

نَغْتَنِمُ الدُّعَاءَ بَعْدَ الْمَكْتُوْبَةِ

অর্থ: ফরজ নামাজের পর মুনাজাত করাকে আমরা গণিমত (যুদ্ধলব্দ সম্পদ) মনে করি।
হযরত ইবনে আবি শায়বা, মুহাম্মদ ইয়াহ্ইয়া আল আসলামী (রঃ) থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন-

رَأَيْتُ عَبْدَ اللّٰهِ بْنِ زُبَيْرٍ رَضِىَ اللّٰهُ تَعَالٰى عَنْهُ رَأَى رَجُلًا رَافِعًا يَدَيْهِ يَدْعُوْ قَبْلَ اَنْ يَفْرُغَ مِنْ صَلٰوتِهٖ فَلَمَّا فَرَغَ مِنْهَا قَالَ لَهٗ اَنَّ رَسُوْلَ اللّٰهِ

صَلَّى اللّٰهُ وَسلَّم لَمْ يَكُنْ يَرْفَعُ يَدَيْهِ حَتّٰى لَمْ يَفْرُغْ مِنْ صَلٰوتِهٖ (رجاله ثقة)

অর্থ: আমি হযরত আবদুল্লাহ ইবনে যুবায়র (রাঃ) কে দেখলাম, তিনি এক ব্যক্তিকে নামাজ শেষ করার আগেই (নামাজরত অবস্থায়) হাত তুলে মুনাজাত করতে দেখলেন। অত:পর লোকটি নামাজ শেষ করলে হযরত আবদুল্লাহ্ ইবনে যুবায়র (রাঃ) তাকে বললেন; নিশ্চয়ই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা নামাজ শেষ না হওয়া পর্যন্ত দু'হাত তুলে মুনাজাত করতেন না। (হাদীসটির বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য)

আল-মাবসুত নামক কিতাবে হযরত ইমাম মুহাম্মদ (রঃ) লিখেছেন-

فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ وَاِلٰى رَبِّكَ فَارْغَبِ اَلدُّعَاءَ فَاِنَّهٗ اَقْرَبُ اِلَى الْاِجَابَةِ.

অর্থ: যখনই আপনি নামাজ শেষ করবেন, সাথে সাথে মুনাজাতে মনোনিবেশ করুন, কারণ এ সময়ের মুনাজাত অতীব গ্রহণযোগ্য।

মিনহাজুল উম্মাল নামক কিতাবে রয়েছে:

اِنَّ اَلدُّعَاءَ بَعْدَ اَلصَّلٰوتِ مَسْنُوْنٌ وَكَذَا رَفْعُ اَلْيَدَيْنِ وَمَسْحُ اَلْوَجْهِ بَعْدَ اَلْفِرَاغِ

অর্থ: নিশ্চয়ই ফরজ নামাজের পর মুনাজাত করা সুন্নাত, একইভাবে মুনাজাতে হাত তোলা ও মুনাজাত শেষে হাত দিয়ে মুখ মোচন করাও সুন্নাত।

মৌলভী আশরাফ আলী থানভী'র 'ইমদাদুল ফতোয়া' নামক গ্রন্থে রয়েছে

بَعْدَ اَلْفِرَاغِ عَنِ اَلصَّلٰوةِ يَدْعُوْ اَلْاِمَامُ لِنَفْسِهٖ وَلِلْمُسْلِمِيْنَ رَافِعِىْ اَيْدِيْهِمْ

অর্থ: নামায শেষ করে ইমাম নিজের জন্যে ও সকল মুসলমানের জন্যে দোয়া করবেন, এসময় (ইমাম মুক্তাদি) সবাই হাত তুলবেন।

তিরমিযি শরীফে রয়েছে-

عَنْ اَبِىْ اُمَامَةَ قَالَ قِيْلَ يَارَسُوْلَ اَللّٰهِ صَلَّى اَللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَىُّ الدُّعَاءِ اَسْمَعُ فَقَالَ رَسُوْلُ اَللّٰهِ صَلَّى اَللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ جَوْفَ اللَّيْلِ اَلْاٰخِرِ وَدُبُرَ اَلصَّلَوَاتِ اَلْمَكْتُوْبَاتِ

অর্থ: হযরত আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, একদা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামাকে জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রাসুল(দঃ) কোন দোয়াটি (আল্লাহ) সবচেয়ে বেশী শুনেন? রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামা বললেন, রাতের শেষাংশের দোয়া এবং ফরজ নামাজগুলোর পরে দোয়া (আল্লাহ) বেশী শুনেন।

আল্লামা ইবনু জরীর আত্ তাবারী তাঁর বিখ্যাত তাফসির গ্রন্থ 'তাফসীরে ইবনে জরীর'র ৩০ তম খন্ডের ১৩০ পৃষ্ঠায় ফরজ নামাজের পর দোয়া করা সুন্নাত হওয়া প্রসঙ্গে সুরা ইনশিরাহ্'র

فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ

এ আয়াতের ব্যাখ্যায় মুফাস্সিরকুল শিরমণি হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে একটি হাদীস সংকলন করেছেন, হাদীসটি হলোঃ

عَنْ اِبْنِ عَبَّاسٍ رَضِىَ اَللّٰهُ تَعَالٰى عَنْهُمَا قَالَ فَاِذَا فَرَغْتَ مِمَّا فُرِضَ عَلَيْكَ مِنَ اَلصَّلَوَاتِ فَاسْئَلِ اللّٰهَ وَارْغَبْ اِلَيْهِ وَانْصَبْ لَهٗ

অর্থ: হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, (হে নামাজী!) যখন তুমি তোমার উপর অত্যাবশ্যকীয় নামাজ থেকে অবসর নিবে, তখনই আল্লাহর কাছে (সবকিছু) চাও, তার প্রতি মনোযোগী হওয়া এবং তার প্রতি একাগ্র হও।

তাফসীরে ইবনে আব্বাস'র ৩০ তম খন্ডের ৩০ পৃষ্ঠায় ও অনুরূপ বর্ণনা রয়েছে।
মিসবাহুল ফালাহ নামক গ্রন্থে উল্লেখ রয়েছে:

قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ كَانَتْ لَهٗ حَاجَةٌ اِلَى اللّٰهِ فَلْيَسْئَلْهَا فِىْ دُبُرِ كُلِّ صَلٰوةِ اَلْمَكْتُوْبَةِ

অর্থ: রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামা ইরশাদ করছেন, আল্লাহর কাছে যদি কারো কিছু চাওয়ার থাকে তবে, তার উচিত প্রত্যেক ফরজ নামাজের পর তা চেয়ে নেয়া।

দারুল উলুম দেওবন্দ থেকে প্রকাশিত 'আজিজুল ফতোয়া' নামক গ্রন্থের ২য় খন্ডের ৩২ পৃষ্ঠায় মুফতী ফয়জুল্লাহর উস্তাদ মুফতী আজিজুর রহমান নিম্নলিখিত প্রশ্নের উত্তরে লিখেছেন:

প্রশ্ন: প্রত্যেক ফরজ নামাজের পর হাত তুলে মুনাজাত করা এবং মুনাজাত শেষে দু'হাত মুখে মালিশ করা বিশুদ্ধ হাদীস দ্বারা সাব্যস্ত আছে কি? যদি কোন ব্যক্তি এ মুনাজাতকে বৈধ মনে না করে এবং এর বিরোধীতা করে তবে তার হুকুম কী?

উত্তর: ফরজ নামাজগুলোর পর দু'হাত তুলে মুনাজাত করা এবং মুনাজাত শেষে দু'হাত মুখে মাসেহ্ করা অবশ্যই বিশুদ্ধ হাদীস দ্বারা সাব্যস্ত; এটাকে অস্বীকারকারী গন্ডমূর্খ, সুন্নাতবিমুখ এবং দূর্ব্যবহার পাওয়ার যোগ্য।

'বেহেশতী জেওর' নামক গ্রন্থের ১১তম খন্ড মুদাল্লাল মুবারহান (যেটাকে বেহেশতী গাওহার বলা হয়) এর ৯০ পৃষ্ঠায় উল্লেখ রয়েছে-

মাসয়ালা-৪: দুই ঈদের নামাযের পর দোয়া করা (মুনাজাত করা) যদিও নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা, তার সাহাবায়ে কেরাম, তাবেয়ী ও তাবে তাবেয়ী(রাঃ)

pdf By Syed Mostafa Sakib

আল্লামা ইবনু জরীর আত্ তাবারী তাঁর বিখ্যাত তাফসির গ্রন্থ 'তাফসীরে ইবনে জরীর'র ৩০ তম খন্ডের ১৩০ পৃষ্ঠায় ফরজ নামাজের পর দোয়া করা সুন্নাত হওয়া প্রসঙ্গে সুরা ইনশিরাহ'র

فَإِذَا فَرَغْتَ فَانْصَبْ وَإِلَىٰ رَبِّكَ فَارْغَبْ

এ আয়াতের ব্যাখ্যায় মুফাস্‌সিরকুল শিরমণি হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে একটি হাদীস সংকলন করেছেন, হাদীসটি হলোঃ

عَنْ اِبْنِ عَبَّاسٍ رَضِىَ اَللّٰهُ تَعَالىٰ عَنْهُمَا قَالَ فَاِذَا فَرَغْتَ مِمَّا فُرِضَ عَلَيْكَ مِنَ الصَّلَوَاتِ فَاسْئَلِ اللّٰهَ وَارْغَبْ اِلَيْهِ وَانْصَبْ لَهُ

অর্থ: হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, (হে নামাজী!) যখন তুমি তোমার উপর অত্যাবশ্যকীয় নামাজ থেকে অবসর নিবে, তখনই আল্লাহর কাছে (সবকিছু) চাও, তার প্রতি মনোযোগী হওয়া এবং তার প্রতি একাগ্র হও।

তাফসীরে ইবনে আব্বাস'র ৩০ তম খন্ডের ৩০ পৃষ্ঠায় ও অনুরূপ বর্ণনা রয়েছে।
মিসবাহুল ফালাহ নামক গ্রন্থে উল্লেখ রয়েছেঃ

قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ كَانَتْ لَهُ حَاجَةٌ اِلَى اللّٰهِ فَلْيَسْئَلْهَا فِىْ دُبُرِ كُلِّ صَلٰوةٍ اَلْمَكْتُوْبَةِ

অর্থ: রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামা ইরশাদ করছেন, আল্লাহর কাছে যদি কারো কিছু চাওয়ার থাকে তবে, তার উচিত প্রত্যেক ফরজ নামাজের পর তা চেয়ে নেয়া।

দারুল উলুম দেওবন্দ থেকে প্রকাশিত 'আজিজুল ফতোয়া' নামক গ্রন্থের ২য় খন্ডের ৩২ পৃষ্ঠায় মুফতী ফয়জুল্লাহর উস্তাদ মুফতী আজিজুর রহমান নিম্নলিখিত প্রশ্নের উত্তরে লিখেছেনঃ

প্রশ্ন: প্রত্যেক ফরজ নামাজের পর হাত তুলে মুনাজাত করা এবং মুনাজাত শেষে দু'হাত মুখে মালিশ করা বিশুদ্ধ হাদীস দ্বারা সাব্যস্ত আছে কি? যদি কোন ব্যক্তি এ মুনাজাতকে বৈধ মনে না করে এবং এর বিরোধীতা করে তবে তার হুকুম কী?

উত্তর: ফরজ নামাজগুলোর পর দু'হাত তুলে মুনাজাত করা এবং মুনাজাত শেষে দু'হাত মুখে মাসেহ্ করা অবশ্যই বিশুদ্ধ হাদীস দ্বারা সাব্যস্ত; এটাকে অস্বীকারকারী গন্ডমূর্খ, সুন্নাতবিমুখ এবং দূর্ব্যবহার পাওয়ার যোগ্য।

'বেহেশতী জেওর' নামক গ্রন্থের ১১তম খন্ড মুদাল্লাল মুবারহান (যেটাকে বেহেশতী গাওহার বলা হয়) এর ৯০ পৃষ্ঠায় উল্লেখ রয়েছে-
মাসয়ালা-৪: দুই ঈদের নামাযের পর দোয়া করা (মুনাজাত করা) যদিও নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা, তার সাহাবায়ে কেরাম, তাবেয়ী ও তাবে তাবেয়ী(রাঃ)

থেকে বর্ণিত হয়নি, যেহেতু প্রত্যেক নামাজের পর মুনাজাত করা সুন্নাত, সেহেতু দুই ঈদের নামাজের পর মুনাজাত করাও সুন্নাত হবে।

এভাবে, 'ইমদাদুল ফতোয়া' নামক কিতাবেও বর্ণিত আছে যে, থানভী সাহেব বলেছেন প্রত্যেক নামাজের পর দোয়া করা সুন্নাত।

এসব বর্ণনা থেকে সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যে, ফরজ নামাজের পর মুনাজাত করা নিঃসন্দেহে সুন্নাত। যা কোন জ্ঞানী লোকের কাছে অজানা নয়।

বেহেশতী গওহর এর ৩৪ পৃষ্ঠায় থানভী সাহেব আরো লিখেছেন-
মাসয়ালা- ৬: (মুনাজাতের নিয়ম হলো) নামাজ শেষ করে দু'হাত বুক পর্যন্ত তুলবে, এবং আল্লাহর কাছে নিজের জন্যে প্রার্থনা করবে। আর যদি প্রার্থনাকারী ইমাম হন, তবে সব মুসল্লিদের জন্যেও দোয়া করবে। মুনাজাত শেষ করে দু'হাত মুখে মাসেহ করবে। মুক্তাদিরা ইচ্ছা করলে নিজ নিজ দোয়া পড়তে পারবে অথবা, ইমাম সাহেবের দোয়া শুনে আমীন বলতে থাকবে।

মাসয়ালা-৭: যেসব ফরজ নামাজের পর সুন্নাত নামাজ আছে, যেমন: যোহর, মাগরিব ও ই'শা এ তিন ওয়াক্তে শুধুমাত্র ফরজ নামাজটুকু শেষ করে খুব দীর্ঘ মুনাজাত করবেনা বরং সংক্ষিপ্ত মুনাজাত করে বাকী সুন্নাত ও নফল নামাজে মনোনিবেশ করবে। আর যেসব ফরজ নামাজের পর কোন সুন্নাত নাই, তথা ফজর ও আসরের নামাজ শেষ করে ইচ্ছানুযায়ী দীর্ঘ মুনাজাত করতে পারবে। এক্ষেত্রে ইমাম মুক্তাদির দিকে ফিরে ডানমুখী অথবা বামমুখী হয়ে বসে মুনাজাত করবে। তবে, শর্ত হচ্ছে, এসময় ইমামের ঠিক সামনে যেন কোন মাসবুক (১ম রাকাতের পর নামাজে শামিল হয়েছে এমন) নামাজী নামাজরত না থাকে।

মাসয়ালা-৮: যেসব ফরজ নামাজের পর সুন্নাত নেই সেগুলোর পরে এবং যেসব ফরজ নামাজের পর সুন্নাত আছে তাতে সুন্নাত নামাজগুলো আদায় করে ৩ বার-

اَسْتَغْفِرُ اللّٰهَ اَلَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ اَلْحَىُّ اَلْقَيُّوْمُ

উচ্চারণঃ আস্‌তাগফিরুল্লাহাল্লাযি লা ইলাহা ইল্লা হুয়াল্কাইয়ুম, ১ বার আয়াতুল কুরসি, ১বার কুল হুয়াল্লাহু আহাদ, ১বার কুল আউজু বিরাব্বিল ফালাক্ব, ১বার কুল আউজু বিরাব্বিনাস, ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩ বার আলহামদুলিল্লাহ এবং ৩৪বার আল্লাহু আকবার পড়া মুস্তাহাব।

'ইস্‌তিহাবুদ্ দাওয়াত আক্বীবাস সালাওয়াত' নামক কিতাবে ৮ম খন্ডে মৌলভী আশরাফ আলী থানভী সাহেব লিখেছেনঃ

اِنَّ اَلدُّعَاءَ دُبُرَ اَلصَّلَوٰتِ مَسْنُوْنٌ وَمَشْرُوْعٌ فِىْ اَلْمَذَاهِبِ اَلْاَرْبَعَةِ لَمْ يُنْكِرْهُ اِلَّا نَاهِقٌ مَجْنُوْنٌ قَدْضَلَّ فِىْ سَبِيْلِ هَوَاهُ وَوَسْوَسَ لَهُ اَلشَّيْطَانُ وَاَغْوَاهُ

pdf By Syed Mostafa Sakib

আল্লামা ইবনু জরীর আত্ তাবারী তাঁর বিখ্যাত তাফসির গ্রন্থ 'তাফসীরে ইবনে জরীর'র ৩০ তম খন্ডের ১৩০ পৃষ্ঠায় ফরজ নামাজের পর দোয়া করা সুন্নাত হওয়া প্রসঙ্গে সুরা ইনশিরাহ্'র

فَإِذَا فَرَغْتَ فَانْصَبْ وَإِلَىٰ رَبِّكَ فَارْغَبْ

এ আয়াতের ব্যাখ্যায় মুফাস্সিরকুল শিরমণি হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে একটি হাদীস সংকলন করেছেন, হাদীসটি হলোঃ

عَنْ اِبْنِ عَبَّاسٍ رَضِىَ اَللّٰهُ تَعَالىٰ عَنْهُمَا قَالَ فَاِذَا فَرَغْتَ مِمَّا فُرِضَ عَلَيْكَ مِنَ اَلصَّلٰوتِ فَاسْئَلِ اللّٰهَ وَارْغَبْ اِلَيْهِ وَانْصَبْ لَهُ

অর্থ: হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, (হে নামাজী!) যখন তুমি তোমার উপর অত্যাবশ্যকীয় নামাজ থেকে অবসর নিবে, তখনই আল্লাহর কাছে (সবকিছু) চাও, তার প্রতি মনোযোগী হওয়া এবং তার প্রতি একাগ্র হও।

তাফসীরে ইবনে আব্বাস'র ৩০ তম খন্ডের ৩০ পৃষ্ঠায় ও অনুরূপ বর্ণনা রয়েছে।
মিসবাহুল ফালাহ নামক গ্রন্থে উল্লেখ রয়েছে:

قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ كَانَتْ لَهُ حَاجَةٌ اِلَى اللّٰهِ فَلْيَسْئَلْهَا فِىْ دُبُرِ كُلِّ صَلٰوةِ اَلْمَكْتُوْبَةِ

অর্থ: রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামা ইরশাদ করছেন, আল্লাহর কাছে যদি কারো কিছু চাওয়ার থাকে তবে, তার উচিত প্রত্যেক ফরজ নামাজের পর তা চেয়ে নেয়া।

দারুল উলুম দেওবন্দ থেকে প্রকাশিত 'আজিজুল ফতোয়া' নামক গ্রন্থের ২য় খন্ডের ৩২ পৃষ্ঠায় মুফতী ফয়জুল্লাহর উস্তাদ মুফতী আজিজুর রহমান নিম্নলিখিত প্রশ্নের উত্তরে লিখেছেন:

প্রশ্ন: প্রত্যেক ফরজ নামাজের পর হাত তুলে মুনাজাত করা এবং মুনাজাত শেষে দু'হাত মুখে মালিশ করা বিশুদ্ধ হাদীস দ্বারা সাব্যস্ত আছে কি? যদি কোন ব্যক্তি এ মুনাজাতকে বৈধ মনে না করে এবং এর বিরোধীতা করে তবে তার হুকুম কী?

উত্তর: ফরজ নামাজগুলোর পর দু'হাত তুলে মুনাজাত করা এবং মুনাজাত শেষে দু'হাত মুখে মাসেহ্ করা অবশ্যই বিশুদ্ধ হাদীস দ্বারা সাব্যস্ত; এটাকে অস্বীকারকারী গন্ডমূর্খ, সুন্নাতবিমুখ এবং দূর্ব্যবহার পাওয়ার যোগ্য।

'বেহেশতী জেওর' নামক গ্রন্থের ১১তম খন্ড মুদাল্লাল মুবারহান (যেটাকে বেহেশতী গাওহার বলা হয়) এর ৯০ পৃষ্ঠায় উল্লেখ রয়েছে-
মাসয়ালা-৪: দুই ঈদের নামাযের পর দোয়া করা (মুনাজাত করা) যদিও নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা, তার সাহাবায়ে কেরাম, তাবেয়ী ও তাবে তাবেয়ী(রাঃ)

থেকে বর্ণিত হয়নি, যেহেতু প্রত্যেক নামাজের পর মুনাজাত করা সুন্নাত, সেহেতু দুই ঈদের নামাজের পর মুনাজাত করাও সুন্নাত হবে।

এভাবে, 'ইমদাদুল ফতোয়া' নামক কিতাবেও বর্ণিত আছে যে, থানভী সাহেব বলেছেন প্রত্যেক নামাজের পর দোয়া করা সুন্নাত।

এসব বর্ণনা থেকে সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যে, ফরজ নামাজের পর মুনাজাত করা নিঃসন্দেহে সুন্নাত। যা কোন জ্ঞানী লোকের কাছে অজানা নয়।

বেহেশতী গওহর এর ৩৪ পৃষ্ঠায় থানভী সাহেব আরো লিখেছেন-
মাসয়ালা- ৬: (মুনাজাতের নিয়ম হলো) নামাজ শেষ করে দু'হাত বুক পর্যন্ত তুলবে, এবং আল্লাহর কাছে নিজের জন্যে প্রার্থনা করবে। আর যদি প্রার্থনাকারী ইমাম হন, তবে সব মুসল্লিদের জন্যেও দোয়া করবে। মুনাজাত শেষ করে দু'হাত মুখে মাসেহ করবে। মুক্তাদিরা ইচ্ছা করলে নিজ নিজ দোয়া পড়তে পারবে অথবা, ইমাম সাহেবের দোয়া শুনে আমীন বলতে থাকবে।

মাসয়ালা-৭: যেসব ফরজ নামাজের পর সুন্নাত নামাজ আছে, যেমন: যোহর, মাগরিব ও ই'শা এ তিন ওয়াক্তে শুধুমাত্র ফরজ নামাজটুকু শেষ করে খুব দীর্ঘ মুনাজাত করবেনা বরং সংক্ষিপ্ত মুনাজাত করে বাকী সুন্নাত ও নফল নামাজে মনোনিবেশ করবে। আর যেসব ফরজ নামাজের পর কোন সুন্নাত নাই, তথা ফজর ও আসরের নামাজ শেষ করে ইচ্ছানুযায়ী দীর্ঘ মুনাজাত করতে পারবে। এক্ষেত্রে ইমাম মুক্তাদির দিকে ফিরে ডানমুখী অথবা বামমুখী হয়ে বসে মুনাজাত করবে। তবে, শর্ত হচ্ছে, এসময় ইমামের ঠিক সামনে যেন কোন মাসবুক (১ম রাকাতের পর নামাজে শামিল হয়েছে এমন) নামাজী নামাজরত না থাকে।

মাসয়ালা-৮: যেসব ফরজ নামাজের পর সুন্নাত নেই সেগুলোর পরে এবং যেসব ফরজ নামাজের পর সুন্নাত আছে তাতে সুন্নাত নামাজগুলো আদায় করে ৩ বার-

اَسْتَغْفِرُ اللّٰهَ اَلَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ اَلْحَىُّ اَلْقَيُّوْمُ

উচ্চারণ: আস্তাগফিরুল্লাহাল্লাযি লা ইলাহা ইল্লা হুয়াল্কাইয়ুম, ১ বার আয়াতুল কুরসি, ১বার কুল হুয়াল্লাহু আহাদ, ১বার কুল আউজু বিরাব্বিল ফালাক্ব, ১বার কুল আউজু বিরাব্বিনাস, ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩ বার আলহামদুলিল্লাহ এবং ৩৪বার আল্লাহু আকবার পড়া মুস্তাহাব।

'ইস্তিহাবুদ্ দাওয়াত আক্বীবাস সালাওয়াত' নামক কিতাবে ৮ম খন্ডে মৌলভী আশরাফ আলী থানভী সাহেব লিখেছেন:

اِنَّ اَلدُّعَاءَ دُبُرَ اَلصَّلٰوتِ مَسْنُوْنٌ وَمَشْرُوْعٌ فِىْ اَلْمَذَاهِبِ اَلْاَرْبَعَةِ لَمْ يُنْكِرْهُ اِلَّا نَاهِقٌ مَجْنُوْنٌ قَدْضَلَّ فِىْ سَبِيْلِ هَوَاهُ وَوَسْوَسَ لَهُ اَلشَّيْطَانُ وَاَغْوَاهُ

pdf By Syed Mostafa Sakib

থেকে বর্ণিত হয়নি, যেহেতু প্রত্যেক নামাজের পর মুনাজাত করা সুন্নাত, সেহেতু দুই ঈদের নামাজের পর মুনাজাত করাও সুন্নাত হবে।

এভাবে, 'ইমদাদুল ফতোয়া' নামক কিতাবেও বর্ণিত আছে যে, থানভী সাহেব বলেছেন প্রত্যেক নামাজের পর দোয়া করা সুন্নাত।

এসব বর্ণনা থেকে সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যে, ফরজ নামাজের পর মুনাজাত করা নিঃসন্দেহে সুন্নাত। যা কোন জ্ঞানী লোকের কাছে অজানা নয়।

বেহেশতী গওহর এর ৩৪ পৃষ্ঠায় থানভী সাহেব আরো লিখেছেন-
মাসয়ালা- ৬: (মুনাজাতের নিয়ম হলো) নামাজ শেষ করে দু'হাত বুক পর্যন্ত তুলবে, এবং আল্লাহর কাছে নিজের জন্যে প্রার্থনা করবে। আর যদি প্রার্থনাকারী ইমাম হন, তবে সব মুসল্লিদের জন্যেও দোয়া করবে। মুনাজাত শেষ করে দু'হাত মুখে মাসেহ করবে। মুক্তাদিরা ইচ্ছা করলে নিজ নিজ দোয়া পড়তে পারবে অথবা, ইমাম সাহেবের দোয়া শুনে আমীন বলতে থাকবে।

মাস্য়ালা-৭: যেসব ফরজ নামাজের পর সুন্নাত নামাজ আছে, যেমন: যোহর, মাগরিব ও ই'শা এ তিন ওয়াক্তে শুধুমাত্র ফরজ নামাজটুকু শেষ করে খুব দীর্ঘ মুনাজাত করবেনা বরং সংক্ষিপ্ত মুনাজাত করে বাকী সুন্নাত ও নফল নামাজে মনোনিবেশ করবে। আর যেসব ফরজ নামাজের পর কোন সুন্নাত নাই, তথা ফজর ও আসরের নামাজ শেষ করে ইচ্ছানুযায়ী দীর্ঘ মুনাজাত করতে পারবে। এক্ষেত্রে ইমাম মুক্তাদির দিকে ফিরে ডানমুখী অথবা বামমুখী হয়ে বসে মুনাজাত করবে। তবে, শর্ত হচ্ছে, এসময় ইমামের ঠিক সামনে যেন কোন মাসবুক (১ম রাকাতের পর নামাজে শামিল হয়েছে এমন) নামাজী নামাজরত না থাকে।

মাসয়ালা-৮: যেসব ফরজ নামাজের পর সুন্নাত নেই সেগুলোর পরে এবং যেসব ফরজ নামাজের পর সুন্নাত আছে তাতে সুন্নাত নামাজগুলো আদায় করে ৩ বার-

اَسْتَغْفِرُ اللّٰهَ اَلَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ اَلْحَىُّ اَلْقَيُّوْمُ

উচ্চারণ: আস্তাগফিরুল্লাহাল্লাযি লা ইলাহা ইল্লা হুয়াল্কাইয়ুম, ১ বার আয়াতুল কুরসি, ১বার কুল হুয়াল্লাহু আহাদ, ১বার কুল আউজু বিরাব্বিল ফালাক্ব, ১বার কুল আউজু বিরাব্বিনাস, ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩ বার আলহামদুলিল্লাহ এবং ৩৪বার আল্লাহু আকবার পড়া মুস্তাহাব।

'ইস্তিহাবুদ্ দাওয়াত আক্বীবাস সালাওয়াত' নামক কিতাবে ৮ম খন্ডে মৌলভী আশরাফ আলী থানভী সাহেব লিখেছেন:

اِنَّ اَلدُّعَاءَ دُبُرَ اَلصَّلَوٰتِ مَسْنُوْنٌ وَمَشْرُوْعٌ فِىْ اَلْمَذَاهِبِ اَلْاَرْبَعَةِ لَمْ يُنْكِرْهُ اِلَّا نَاهِقٌ مَجْنُوْنٌ قَدْضَلَّ فِىْ سَبِيْلِ هَوَاهُ وَوَسْوَسَ لَهُ اَلشَّيْطَانُ وَاغْوَاهُ

pdf By Syed Mostafa Sakib

অর্থ: নিশ্চয়ই নামাজ শেষে মুনাজাত করা চার মাজহাবে সুন্নাত ও শরীয়ত সম্মত। কোন গর্দভ, পাগল তথা যে নিজের প্রবৃত্তির তাড়নায় পথভ্রষ্ট হয়েছে এবং যাকে শয়তান প্ররোচনা দিয়ে বিপথগামী করেছে সে ছাড়া আর কেউ এ দোয়ার বিরোধীতা করেনি।

লাহোরের নোয়ল কিশোর থেকে প্রকাশিত 'গুনিয়াতুত্ তালিবীন' নামক কিতাবের ৭৫৬ পৃষ্ঠায় গাউসুল আযম পীরানে পীর দস্তগীর সায়্যিদুনা আবু মুহাম্মদ শায়খ সৈয়্যদ মীর আবদুল কাদের জীলানী আল হাসানী ওয়াল হোসাইনী (রহঃ) লিখেছেন-

فَالدُّعَاءُ مَأْمُوْرٌ بِهٖ وَهُوَ عِنْدَ اَللّٰهِ بِمَكَانٍ وَقَدْ بَيَّنَّا ذَالِكَ فِىْ اَثْنَاءِ اَلْكِتَابِ فَلَا يَنْبَغِىْ لِلْاِمَامِ وَالْمَامُوْمِ اَنْ يَخْرُجَ مِنَ اَلْمَسْجِدِ مِنْ غَيْرِ دُعَاءٍ قَالَ اللّٰهُ تَعَالٰى فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ اَىْ اِذَا فَرَغْتَ مِنَ اَلْعِبَادَاتِ اِنْصَبْ فِىْ اَلدُّعَاءِ وَارْغَبْ فِيْمَا عِنْدَ اَللّٰهِ وَاَطْلُبْهُ مِنْهُ وَقَدْ جَاءَ فِىْ اَلْحَدِيْثِ عَنْ اَنَسِ اِبْنِ مَالِكٍ رَضِىَ اللّٰهُ تَعَالٰى عَنْهُ عَنِ النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنَّهُ قَالَ اِذَا قَامَ اَلْاِمَامُ فِىْ مَحْرَابِهٖ وَتَوَارَتْ اَلصُّفُوْفُ فَنَزَلَتْ اَلرَّحْمَةُ فَاَوَّلُ ذَالِكَ تُصِيْبُ اَلْاِمَامَ ثُمَّ مَنْ عَنْ يَمِيْنِهٖ ثُمَّ مَنْ عَنْ يَسَارِهٖ ثُمَّ تَفَرَّقَ اَلرَّحْمَةُ عَلَى اَلْجَمَاعَةِ ثُمَّ يُنَادِىْ مَلَكٌ رَبِحَ فُلَانٌ وَخَسِرَ فُلَانٌ. فالرابحَ مَنْ يَرْفَعُ يَدَيْهِ بِالدُّعَاءِ اِلَى اَللّٰهِ تَعَالٰى اذا فَرَغَ مِنْ صَلَوَاتِهِ اَلْمَكْتُوْبَةِ. وَاَلْخَاسِرُ هُوَ اَلَّذِىْ خَرَجَ مِنَ اَلْمَسْجِدِ بِلَا دُعَاءٍ قَالَتِ اَلْمَلَائِكَةُ يَا فُلَانُ اَسْتَغْنَيْتَ عَنِ اللّٰهِ تَعَالٰى مَالَكَ عِنْدَ اَللّٰهِ حَاجَةٌ (الحديث)

অর্থ: দোয়া আল্লাহর পক্ষ থেকে নির্দেশিত একটি আমল। আল্লাহর কাছে দোয়ার বিশেষ গুরত্ব রয়েছে। এ বিষয়ে কিতাবের শুরুতে আমি আলোচনা করেছি।
